

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
খুলনা।

মেমো নং-বিএসএ/খুল/সা: প্র:-১৩/২০২১/১৭১(১২০)

তারিখ : ০৭.১২.২০২১ খ্রি.।

বিষয় : বাংলাদেশ শিশু একাডেমি খুলনায় সাংস্কৃতিক প্রশিক্ষণ কোর্সে ভর্তি প্রসঙ্গে।


বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা জেলা শাখায় ২০২২ শিক্ষাবর্ষে সংগীত, নৃত্য, কবিতা আবৃত্তি ও নৃত্য বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি চলছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আগ্রহী স্কুলের ছাত্র/ছাত্রীদের ও শিশু সংগঠনের সদস্য এবং অভিভাবকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তির বিষয়টি আপনার বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে জানানো এবং সার্বিক সহযোগিতার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। শিশুদের সার্থে আপনার সহযোগিতা আমাদের একান্তে কাম্য।

ভর্তির নিয়মাবলী :

- ১। বাংলাদেশ শিশু একাডেমির নির্ধারিত ফরমে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, খুলনার বরাবর আবেদন করতে হবে।
- ২। আবেদন পত্র ও ভর্তি ০৯ ডিসেম্বর ২০২১ থেকে ২০ জানুয়ারি ২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।
- ৩। বয়সসীমা : ০৫ থেকে ১৪ বছরের মধ্যে হতে হবে।
- ৪। প্রশিক্ষণ ক্লাসে বিষয় ভিত্তিক ভর্তি ফি, বাৎসরিক বেতন ইত্যাদি শিশু একাডেমির লাইব্রেরি শাখায় জমা দিয়ে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে।
- ৫। শিশুর সদ্য তোলা ১ কপি পাসপোর্ট, ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি, জন্মসনদের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।
- ৬। ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের একাডেমির নির্ধারিত পোষাক পরিধান করে প্রশিক্ষণ ক্লাশে উপস্থিত হতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক/সম্পাদক

-----  
-----, খুলনা।

  
(মো: আর্বুল আলম)

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা  
বাংলাদেশ শিশু একাডেমি  
খুলনা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।)
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।)
- ৫। অফিস নথি।